

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
প্রশাসন-২ শাখা
শেরেবাংলা নগর, ঢাকা
(www.erd.gov.bd)

স্মারক নং-০৯.৩১২.০১১.২২.০০.০০৫.২০১৬/৫৪৩

তারিখঃ ০৬/১১/২০১৬ খ্রিঃ

নিয়োগ আদেশ


অর্থনৈতিক সম্পর্ক বিভাগের গত ১৫ জুন, ২০১৬ তারিখের ০৯.৩১২.০১১.২২.০০.০০৫.২০১৬/২৬৩ নম্বর স্মারকে নিয়োগ বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে বিভাগীয় নির্বাচন কমিটির সুপারিশক্রমে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে নিম্নবর্ণিত ৯ (নয়) জন প্রার্থীকে অফিস সহায়ক পদে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ২০ তম গ্রেড-এর ৮২৫০-২০০১০/- টাকা বেতনক্রমে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলোঃ

ক্রমিক নং	প্রার্থীর রোল নম্বর	প্রার্থীর নাম ও পিতার নাম	প্রার্থীর স্থায়ী ঠিকানা
১।	৪৫৩৯৭৪	সদানন্দ বিশ্বাস পিতা: বিরাজ বিশ্বাস	গ্রাম: শিবপুর ডাকঘর: সাতলা উপজেলা: উজিরপুর জেলা: বরিশাল
২।	৪৫২৭২৮	জনাব মোঃ আল মামুন পিতা: মৃত: মোঃ আক্তারুজ্জামান	গ্রাম: সুবিদ্রাহ ডাকঘর: শহীদ নগর উপজেলা: শৈলকুপা জেলা: ঝিনাইদহ
৩।	৪৫২৭০৫	জনাব মোঃ ইয়াছিন আলী পিতা: মোঃ ইউসুফ আলী	গ্রাম: গড়বাজাইল ডাকঘর: গড়বাজাইল উপজেলা: মুক্তাগাছা জেলা: ময়মনসিংহ
৪।	৪৫২০৯৪	জনাব মোঃ সোহান হাওলাদার পিতা: মোঃ হাব্বুন হাওলাদার	৩২৫, আহম্মদনগর মিরপুর-১, ঢাকা-১২১৬
৫।	৪৫৩৮২১	জনাব শামসুল আলম পিতা: মৃত: আবদুল বারী	গ্রাম: নিলাম্বরখিলা ডাকঘর: নিলাম্বরখিলা উপজেলা: কেন্দুয়া জেলা: নেত্রকোনা
৬।	৪৫০৮৫৪	বেগম সাদিয়া খাতুন (কুমু) পিতা: মৃত: আবু কায়েস	গ্রাম: মালুতি নগর ডাকঘর: বগুড়া উপজেলা: বগুড়া সদর জেলা: বগুড়া
৭।	৪৫১৪৪৯	জনাব শওকত ওসমান পিতা: মৃত: জামাল আহম্মেদ চৌধুরী	গ্রাম: ইলশা ডাকঘর: ইলশা উপজেলা: বাঁশখালী জেলা: চট্টগ্রাম
৮।	৪৫৩৪৫০	বেগম তাহরীমা জাহান লিমা পিতা: মোঃ আবদুল কাইয়ুম	গ্রাম: আটগাঁও ডাকঘর: বজেন্দ্রগঞ্জ উপজেলা: শাল্লা জেলা: সুনামগঞ্জ
৯।	৪৫৪৮২০	মোছাঃ শোভা আক্তার পিতা: মোঃ আব্বাছ উদ্দিন	গ্রাম: বন্দরখড়ি বাড়ী ডাকঘর: খগাখড়ি বাড়ী উপজেলা: ডিমলা জেলা: নিলফামারী

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্যঃ

২। **শর্তাবলীঃ**

- ক) তাঁকে ০২ বৎসর শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে। প্রয়োজনবোধে উক্ত শিক্ষানবিসকালের মেয়াদ বৃদ্ধি করা যাবে। শিক্ষানবিসকালে তাঁর আচরণ ও কাজের মান সন্তোষজনক না হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকেই তাঁকে চাকুরি হতে অপসারণ করা হবে।
- খ) পুলিশ প্রতিবেদন সন্তোষজনক না হলে এ নিয়োগ বাতিল করা হবে।
- গ) এ নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকুরি সরকারের প্রচলিত বিধি ও আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি ও আদেশ দ্বারা নিয়ন্ত্রিত হবে।
- ঘ) এ চাকুরিতে যোগদানের জন্য তিনি কোনরূপ ভ্রমণ/দৈনিক ভাতা পাবেন না।
- ঙ) তাঁকে সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত স্বাস্থ্য পরীক্ষার সন্তোষজনক প্রতিবেদনের মূল কপিসহ চাকুরিতে যোগদান করতে হবে।
- চ) চাকুরিতে যোগদানের সময় সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র ও জাতীয় পরিচয় পত্র সঙ্গে আনতে হবে। মূল সনদপত্র প্রদর্শনে ব্যর্থ হলে তাঁর নিয়োগ আদেশ বাতিল করা হবে।
- ছ) প্রার্থীকে নাগরিকত্ব সনদপত্র সংশ্লিষ্ট জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসারের প্রতিস্বাক্ষরসহ যোগদানপত্রের সাথে দাখিল করতে হবে। এক্ষেত্রে দাখিলকৃত সনদপত্রের বিষয়ে ভিন্ন তথ্য পাওয়া গেলে নিয়োগ বাতিল করা হবে।
- জ) নির্ধারিত তারিখে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।
- ঝ) তাঁকে আগামী ০১লা ডিসেম্বর, ২০১৬ তারিখে (রক নং-১০, কক্ষ নং-২৫, তৃতীয় তলা, শেরেবাংলা নগর, ঢাকা) প্রশাসন-২ শাখায় যোগদান করতে হবে।



(মাহবুবা আইরিন)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯১১৯৭১৯

স্মারক নং-০৯.৩১২.০১১.২২.০০.০০৫.২০১৬/৫৪৩

তারিখঃ ০৬/১১/২০১৬ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'লঃ

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জেলা প্রশাসক-----, নিয়োগ আদেশটি জারির অনুরোধ জানিয়ে।
- ৩। সিভিল সার্জন, সংশ্লিষ্ট জেলা-----, স্বাস্থ্যগত উপযুক্ততা সম্পর্কে প্রতিবেদন দেওয়ার জন্য অনুরোধ করা হ'ল।
- ৪। সিস্টেমস এনালিস্ট, আইসিটি সেল, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা (ইআরডি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ জানিয়ে)।
- ৫। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
- ৭। নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
- ৮। হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ৯। সংশ্লিষ্ট/ব্যক্তিগত নথি।


(মাহবুবা আইরিন)
সিনিয়র সহকারী সচিব